



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/৮০

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ  
১২ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৭৯তম কমিশন সভা অদ্য ১২/০৩/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছে :

রিং সাইন টেক্সটাইলস্ লিমিটেড এর প্রতিটি শেয়ার ১০ (দশ) টাকা ইস্যু মূল্যে ১৫ (পনের) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১৫০ (একশত পঞ্চাশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি-কলকজা ক্রয়, ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ১.৮৬ টাকা এবং পুনর্মূল্যায়ন ব্যতিত নীট সম্পদ মূল্য (NAV without revaluation) ২৩.১৭ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এএফসি ক্যাপিটাল লিমিটেড এবং সিএপিএম এডভাইজরি লিমিটেড।



মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।